

প্রতি মুহূর্তের খবর

risingbd.com

দেখুন  
পড়ুন  
লিখুন

## এটিওর আবেদনপত্র থেকে প্রধান শিক্ষক নিয়োগ

Published: 05 May 2016 12:10:57 PM Thursday || Updated: 05 May 2016 12:26:22 PM Thursday Lnk VL: 159230



**নিজস্ব প্রতিবেদক :** দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণে উপজেলা বা থানা শিক্ষা কর্মকর্তার (এটিও) আবেদনপত্র থেকে শিক্ষক নিয়োগ দেবে সরকার।

বর্তমানে দেশে ১৬ হাজার ৬৬৭টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এসব বিদ্যালয়ে দ্রুত প্রধান শিক্ষক নিয়োগের জন্য এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এটিওর আবেদন থেকে প্রার্থী নিয়োগের প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে। এ ক্ষেত্রে বিসিএস নন-ক্যাডার প্রথম শ্রেণির পদের মতো প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণির পদে নিয়োগ দেওয়া হবে। এ ছাড়া প্রধান শিক্ষকের শূন্য পদ পূরণে সরকারি কর্মকমিশনের (পিএসসি) মাধ্যমে দ্রুত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। একই সঙ্গে মন্ত্রণালয় থেকে গত ৭ এপ্রিল ৫ হাজার ৭৯৭ পদে প্রধান শিক্ষক নিয়োগের জন্য পিএসসিতে প্রস্তাব পাঠানো হয়। এই প্রস্তাবেরও দ্রুত সমাধান আশা করা হচ্ছে।

গত ২৯ এপ্রিল অনুষ্ঠিত এটিওর প্রাথমিক বাছাইয়ের (প্রিলিমিনারি) পরীক্ষায় আবেদন পড়েছিল প্রায় ১ লাখ ৫৩ হাজার ২৪৮টি। এ বিষয়ক বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল, ১৪৪টি পদে নিয়োগের জন্য সরাসরি ৫০ শতাংশ ও বাকি পদ বিভাগীয় প্রার্থীর মাধ্যমে নিয়োগ দেওয়া হবে।

প্রাথমিকের সরকারি বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের (বিভাগীয় প্রার্থী) মধ্যে থেকে ৫০ শতাংশ পদ পূরণ না হলে সাধারণ কোটা থেকে নেওয়ার কথা।

এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নজরুল ইসলাম খান বলেন, এটিও পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যারা পদস্বল্পতার কারণে নিয়োগ পাবেন না, তাদের মধ্য থেকে বিসিএস নন-ক্যাডারের মতো প্রধান শিক্ষক নিয়োগ দেওয়া হবে। প্রধান শিক্ষকের শূন্য পদ দ্রুত পূরণের লক্ষ্যে এই প্রক্রিয়া চলছে।

সূত্র জানায়, প্রধান শিক্ষকদের পদ যেহেতু দ্বিতীয় শ্রেণির, সেহেতু এটিও পদ না পাওয়া প্রার্থীরা সম্মত থাকলে তাদের প্রধান শিক্ষক নিয়োগ দেওয়া যেতে পারে।

প্রাথমিকের প্রধান শিক্ষক পদে পদোন্নতি এবং পিএসসির মাধ্যমে সরাসরি ও বিভাগীয় প্রার্থী নিয়োগ দেওয়া হয়।

এদিকে প্রধান শিক্ষকদের পদোন্নতির জন্য প্রেডেশন করা হচ্ছে বলেও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। তবে হাইকোর্টে এ বিষয়ে একটি রিট আবেদনের কারণে বিষয়টি ঝুলে আছে।

রাইজিংবিডি/ঢাকা/৫ মে ২০১৬/হাসান/এসএন/এএন

---

সম্পাদক : মো. নওশের আলী  
প্রিন্টার্স বিল্ডিং (লেভেল- ১২)  
৫ রাজউক অ্যাভিনিউ  
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
ইমেইল : info@risingbd.com  
প্রকাশনা : স্কাইরকট মিডিয়া লিমিটেড

সকল স্বত্ব risingbd.com কর্তৃক সংরক্ষিত

The logo for risingbd.com features the word "rising" in a bold, green, sans-serif font, followed by "bd" in a bold, red, sans-serif font. Below "bd" is ".com" in a smaller, grey, sans-serif font. A small red dot is positioned above the "o" in ".com".